

রচনা

লেখকঃ অরবিন্দ বন্দ্যোপাধ্যায়

গরুর কথা

আমি একটা গরু। নিমাই দলুই-এর গোয়ালে থাকি। মাঠে চরি। ঘাস, পাতা, খড়, ভুসি খাই। আপন মনে হাম্বা হাম্বা করে গানও গাই। মনিবকে খুশি করতে রোজ কেজি খানেক দুধও দিতে হয়। ব্যাস্ এই আমার সরল সাদাসিধে জীবন। কোনও জটিলতা নেই, কোনও সমস্যাও নেই। কিন্তু মনের মধ্যে একটা দুঃখ আছে, মানুষদের প্রতি। জানি ঈশ্বর আমাদের বুদ্ধি কম দিয়ে পৃথিবীতে পাঠিয়েছেন, আমাদের বুদ্ধি কম বলে দুঃখ নেই, কিন্তু মানুষরা আমাদের এই কম বুদ্ধির জন্য প্রায়শই অপমান করে। যেমন কোনও ছাত্র অঙ্কে শূন্য পেলে বা ফেল করলে তার মা বাবা এমনকি মাষ্টারমশাইরা পর্যন্ত তাকে বলে, "তুই একটা গরু, তোর মাথায় কিছু নেই।" এইসব শুনলে মনের মধ্যে রাগ হয়, দুঃখ হয়। কই মানুষদের অতিবুদ্ধি নিয়ে আমরা তো কোনও কথা বলি না।

কিছুদিন আগে আমারই মত একটা গরু আমার কাছে এসে বলল দুদিন কিছু খাওয়া হয়নি। খুব খিদে পেয়েছে। কি আর করি, বললাম, মডলদের বাগানে কচি কচি সবুজ ঘাস দেখে এসেছি, একটু আগে আমিও খেয়ে এসেছি, আমার পেট ভর্তি। তুমিও যাও না। সবুজ কচি ঘাসে অত বড় মাঠটা ভর্তি, প্রাণ ভরে চিবোও। ব্যাটা দৌড়তে দৌড়তে চলে গেল। একজনের উপকার করতে পেরে মনটা আনন্দে ভরবে উঠল। কয়েক ঘন্টা বাদে সেই বন্ধু হাসিমুখে ফিরে এল। ওকে বললাম ঘাস খেয়েছ? এক গাল হেসে উত্তর দিল, হ্যাঁ প্রাণটা জুড়ালো। আমি চলে গেলাম আমার গোয়ালে, ও চলে গেল ওর ঠিকানায়।

আর একদিন, তখন সূর্য ডুবুডুবু। নিমাই দলুই, আমার মনিব, সামনের বড় মাঠটায় আমার গলার দড়ি বেঁধে একটা বাঁশের খুঁটি পুঁতে চলে গেছে হাতে। আমার গলার দড়িটা কিরকম ভাবে আমার গলা আর শিং-এর মধ্যে জড়িয়ে পেঁচিয়ে গেল। যত খোলবার চেষ্টা করছি ততই আমার গলায় জড়িয়ে যাচ্ছে। হাম্বা হাম্বা করে

চ্যাঁচাচ্ছি কেউ আসছেও না, আর কেউ এসে দড়িটা খুলেও দিচ্ছে না। ক্রমশ দম আটকে আসছে। চোখে জল আসছে। কেউ কি নেই। হা ঈশ্বর। সেই সময়ে সেই বন্ধুর দেখা পেলাম। যাকে একদিন খাবারের সন্ধান দিয়ে বাঁচিয়েছিলাম। আমার পাশ দিয়ে চলে যাচ্ছিল। ডাকলাম। ভাই একটিবার এসে আমার গলার দড়িটা তোমার শিং দিয়ে খুলে দেবে। দেখোনা কিরকম অদ্ভুত ভাবে জড়িয়ে গেছে। এটা খুলে না দিলে আমি দম আটকে মরে যাব। আমার কথা না শোনার ভান করে সেই বন্ধু আমার পাশ দিয়ে চলে গেল। সেদিনের সেই উপকার ভুলে গেল। আমি ওকে চোঁচিয়ে বললাম "তোকে আমার গরু বলে ভাবতে ঘৃণা করছে। তুই তো দেখছি আস্ত একটা মানুষ হয়ে উঠেছিস।"